**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.৭৭০০.০৪২.১৯.০৬৬.২০১৯.৩১২৪ তারিখ: ০৮ পৌষ ১৪৩২ / ২৩ ডিসেম্বর ২০২৫

**বিষয় : পঞ্চগড় জেলায় একটি আধুনিক সুবিধা সংবলিত সরকারি অডিটোরিয়ামের ডিজাইন ও প্রাক্কলন প্রেরণ।**

সূত্র : স্মারক নং-০৫.৪৭.৭৭০০.০০৯.৩৭.০৪০.২৫.৭০১; তারিখ : ২২/১০/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পঞ্চগড় জেলায় একটি আধুনিক সুবিধা সংবলিত অডিটোরিয়াম নির্মাণের লক্ষ্যে প্রস্তাবিত স্থানে আশির দশকে নির্মিত অডিটোরিয়ামটি প্রকৃতপক্ষে অতি পুরাতন এবং ব্যবহার অনুপযোগী হলে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যের আলোকে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| | |
|---|---|
| (ক) | পুরাতন অডিটোরিমের বর্তমান অবস্থার পূর্ণাঙ্গ তথ্য উপাত্ত প্রয়োজন। |
| (খ) | আশির দশকে নির্মিত অডিটোরিয়ামটি পুরাতন, জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। তবে অকেজো স্থাপনা অপসারণযোগ্য হলে জরুরিভিত্তিতে এ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী অকেজো ঘোষণার প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। |
| (গ) | বিধিবিধানের আলোকে ভবন অকেজো ঘোষণার সকল আনুষ্ঠানিকতা সম্পন্নের পর উক্ত স্থানে নতুন অডিটোরিয়াম নির্মাণের প্রস্তাব প্রেরণ করতে হবে। |

**সংযুক্তি:** বর্ণনামতে।

২৩/১২/২৫
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, পঞ্চগড়;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড়।

স্মারক নম্বর: ৪৬.০০.৭৭০০.০৪২.১৯.০৬৬.২০১৯.৩১২৪/১(৫) তারিখ: ০৮ পৌষ ১৪৩২ / ২৩ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২ যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩ মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪ সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫ সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

২৩/১২/২৫
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

১০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং ঃ স্থাসবি/জেপশা/বিধি-২/২০০৭/২৬৯৭ তারিখঃ ০৬-১১-২০০৭খ্রিষ্টাব্দ

## পরিপত্র

বিষয়ঃ জেলা পরিষদের ব্যবহারের অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) অকেজো/পরিত্যক্ত ঘোষণার জন্য কনডেমনেশন কমিটি।

জেলা পরিষদের মালিকানাধীন ব্যবহারের অনুপোযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) অকেজো/পরিত্যক্ত (Condemned) ঘোষণার জন্য নিম্নরূপ কনডেমনেশন কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ২ | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য |
| ৩ | মেয়র/চেয়ারম্যান এর প্রতিনিধি, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা (অকেজো ঘোষণার জন্য প্রস্তাবিত স্থাপনা/মালামাল সিটি কর্পোরেশন/ পৌর এলাকার মধ্যে হলে) | সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ | সদস্য |
| ৬ | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ৭ | সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য সচিব |

২। সংশ্লিষ্ট জেলা পরিষদ ব্যবহারের অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) কনডেমড ঘোষণা/নীলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করবে। প্রস্তুতকৃত প্রাক্কলন জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুমোদনের পর উপরে বর্ণিত কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবে। কনডেমনেশন কমিটি প্রাক্কলনটি পরীক্ষা নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক জেলা পরিষদের প্রস্তাব যথাযথ বিবেচিত হলে কনডেমড ঘোষণা করবে। জেলা পরিষদ কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৬/১১/০৭
(মাহমুদা খাতুন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

বিতরণঃ

০১। বিভাগীয় কমিশনার,-----------------------বিভাগ (সকল)।
০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন।
০৫। জেলা প্রশাসক,-----------------জেলা (সকল)।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ--------------------(সকল)।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল সিটি কর্পোরেশন।
০৮। উপজেলা নির্বাহী অফিসার-------------------(সকল)।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ এলজিইডি--------------------(সকল)।